

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

স্মারকনং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০১.০৩৮.২২. ২১৬


তারিখ: ১২ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ।
২৭ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিসের নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

| দরপত্র নং | ক্রয়তব্য মালামালের বিবরণ | দরপত্র দলিল (টেণ্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরণের সময়সূচী | | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানতের পরিমাণ (টাকা) |
|------------|------------------------------|--|--|--|----------------------------------|----------------------------------|
| | | | গ্রহণ | খোলা | | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ১২/২০২২-২৩ | প্রিন্টিং মালামাল | ২৮/০৮/২০২২ খ্রিঃ তারিখ রবিবার হইতে ১১/০৯/২০২২ খ্রিঃ তারিখ রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ১২/০৯/২০২২ খ্রিঃ তারিখ সোমবার ১২-০০ ঘটিকা পর্যন্ত। | ১২/০৯/২০২২ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২-০৫ ঘটিকা। | ১,০০০.০০ | ২০,৫০০.০০ |
| ১৩/২০২২-২৩ | স্টেশনারী মালামাল | | | | ১,০০০.০০ | ২৬,০০০.০০ |
| ১৪/২০২২-২৩ | কর্মচারীদের পোষাক | | | | ১,০০০.০০ | ২১,০০০.০০ |

- ০১। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে উল্লিখিত ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট pbs.patuakhali.gov.bd এ এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর [WEB: reb.gov.bd](http://WEB:reb.gov.bd) পাওয়া যাইবে।
- ০২। আগ্রহী দরদাতাগণ পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হইতে উপযুক্ত গ্রুপের বিপরীতে ০৬ (ছয়) নং কলামে বর্ণিত পরিমাণ টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করিয়া পটুয়াখালী পবিস-এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) পটুয়াখালী পবিস এর সদর দপ্তর, কালিকাপুর, পটুয়াখালী অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাংকিং (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর, ১০ম তলা, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হইতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।
- ০৩। আগ্রহী দরদাতাগণকে ছকে উল্লিখিত ৩ নং কলামে বর্ণিত সময় সীমার মধ্যে দরপত্র ক্রয় করিতে হইবে। পরবর্তীতে ৪ নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিলের সময় প্রতিটি দরপত্রের সাথে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী এর অনুকূলে সংশ্লিষ্ট গ্রুপের বিপরীতে যে কোন তফসিলী ব্যাংক হইতে ০৭ নং কলামে বর্ণিত পরিমাণ টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করিতে হইবে। উক্ত দরপত্র পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাংকিং (দঃ অঃ) পরিদপ্তর দপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেণ্ডার বাঞ্চে দাখিল করিতে পারিবেন। দরপত্র খামের উপরে যে মালামালের দর প্রদান করা হইবে ঐ মালামালের নাম স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। দরপত্র সমূহ বর্ণিত সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০৪। সরবরাহকারীগণকে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহকারীকে সরকারি নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করিতে হইবে।
- ০৫। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্নের ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হইবে।
- ০৬। পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।


জেনারেল ম্যানেজার
পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি